জীবননগরে ফ্রি মেডিক্যাল ক্যাম্প ও ঔষধ বিতরণ

জীবননগরে শিকড় সমাজ কল্যাণ সংস্থার আয়োজনে ফ্রি মেডিক্যাল ক্যাম্পেইন এর উদ্বোধন করা হয়েছে। গতকাল শনিবার সকাল ৯ টায় ক্রিসেন্ট ক্লিনিক এ্যান্ড ডায়াগনস্টিক সেন্টারের সহযোগিতায় ও জামাল হোসেন খোকনের অর্থায়নে এ ফ্রি মেডিক্যাল ক্যাম্প অনুষ্ঠিত হয়।

জীবননগর পৌরসভার সাবেক কমিশনার হাজী ওহাব মিয়ার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফ্রি মেডিক্যাল ক্যাম্পের উদ্বোধন করেন মাই টিভির সিনিয়র রিপোর্টার এস কে লিটন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আরএমও ডাঃ মাহমুদ বিন হেদায়েত সেতু। শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদের পরিচালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জীবননগর সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক জামাল হোসেন খোকন,

শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সহ-সভাপতি চাষী রমজান, সাংবাদিক মাজেদুল মিল্টন, সাগর খান, লিটন খান, শিকড় সমাজ কল্যাণ জীবননগর উপজেলা শাখার সভাপতি তুহিনুজ্জামান, সাধারণ সম্পাদক লাবনী, সদস্য মফিজুল ইসলাম, হোসাইন আহম্মেদ,ঐশ্বর্য সাহা, সাদিয়া, তনু, রিয়াজ, রমজান, কলম, কুদ্দুস, ছমির, তানিম, সাফা, ফাহিম, সিফাত, আঃ রহমান সহ শিকড় সমাজ কল্যাণ সংস্থার সকল সদস্য।

এ সময় জীবননগর পৌরসভার ৫নং ওর্য়াডের লক্ষীপুর খা পাড়ায় ২০০ জন অসহায় হতদরিদ্র মানুষকে বিনামূল্যে চিকিৎসা প্রদান ও ঔষধ বিতরণ করা হয়।

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাবুবুর রহমান কাজল দ্রুত পদক্ষেপ নেওয়ার কারণে ঘটনার পরের দিন ৪ জন আসামিকে গ্রেফতার করতে সক্ষম হয়।

গ্রেফতার কৃত আসামিরা হলেন ১। মোঃ আবুল কালাম (৫৫), পিতা-মৃত আমির হোসেন, শ্বশুর মৃত সামেদ আলী, গ্রাম-বড় বলদিয়া, ২। মোঃ সাগর আলী (২৪), পিতা-মোঃ ওমেদুল ইসলাম, গ্রাম ওসমানপুর (বেদেপোতা), ৩। মোছাঃ মেগীরন খাতুন (৫০), স্বামী-মোঃ আবুল কালাম, ৪। তাজেরা বেগম (৩৮) পিতা-কালাম, গ্রাম-বড়বলদিয়া, থানা- দর্শনা, জেলা-চুয়াডাঙ্গা।

এ বিষয়ে দর্শনা থানার ওসি মাহবুবুর রহমান কাজল বলেন, আমরা এখনও পর্যন্ত ৪ জনকে গ্রেফতার করেছি এবং খুব দ্রুত বাকি আসামিদের গ্রেফতার করে আইনের আওতায় নিয়ে আসবো।

কুষ্টিয়ায় মৌবনের উদ্যোগে বৃদ্ধাদের সম্মাননা প্রদান

কুষ্টিয়ায় মৌবনের উদ্যোগে বৃদ্ধাদের সম্মাননা জানানো হয়েছে।

গতকাল শনিবার দুপুরে মৌবনের ২১তম প্রতিষ্ঠা বার্ষিকীতে মৌবন আঙ্গিনায় এক অনুষ্ঠানে ১১জন প্রবীণের হাতে কম্বল, চাদর, মাস্ক ও মিষ্টান্নর পাশাপাশি নগদ অর্থ তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলা সমাজসেবা অধিদপ্তরের সহকারী পরিচালক মো: মুরাদ হোসেন।

এসময় তিনি বলেন, আজকের এই অনুষ্ঠানে এসে আমার অনেক ভালো লাগছে। যারা বয়স্ক ভাতা কিংবা বিধবা ভাতার কার্ডের আওতায় আসেনি। তাদের জন্য প্রতিমাসে একটা আর্থিক অনুদান দিয়ে মৌবন কর্তৃপক্ষ যে মহত্ব দেখিয়েছে সত্যি সেটি প্রশসংনীয়।

তিনি বলেন, সামাজিক নিরাপত্তা বেষ্টনী, সমাজের অসহায় মানুষের পাশে দাঁড়াতে বর্তমান সরকার বদ্ধপরিকর। এরপরেও সামাজিক দায়বদ্ধতা

থেকে সমাজের বিত্তশালীদের এগিয়ে আসা উচিৎ। মৌবন কর্তৃপক্ষ যেভাবে অসহায় মানুষের পাশে দাঁড়ায় এভাবে আরও অন্যদেরও এগিয়ে আসার জন্য আহবান জানান তিনি।

এসময় মৌবনের জেনারেল ম্যানেজার মোশাররাফুল হক বকুল, মৌবনের কর্মকর্তা আশিকুজ্জামান রনিসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, মৌবন শুধু ব্যবসায় নয় মানবসেবার মতো বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ত রয়েছে দীর্ঘদিন ধরে। কুষ্টিয়া শহরের হাউজিং এলাকায় একটি মহিলা মাদ্রাসা পরিচালনা করা হয়। সেখানে কোরআন শিক্ষা থেকে শুরু করে শিশুদের হাতের লেখা, চিত্রাঙ্কন শেখানোর ব্যবস্থা রয়েছে বিনামূল্যে।

এছাড়াও প্রতিমাসে ১১জন বয়স্ক ব্যক্তি কে সম্মানী ভাতা প্রদান করে থাকে। বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে গরিব মেধাবী শিক্ষার্থীদের প্রতিনিয়ত সহায়তা হিসেবে তাদের আর্থিক সহযোগিতা এমনকি পড়ালেখা শেষ অবধি পর্যন্ত সহযোগিতা প্রদান করে আসছে।

কালীগঞ্জে প্রতিবন্ধী বিদ্যালয়ে বই বিতরণ

বিষাদময় ২০২০ নিয়েছে বিদায়। এসেছে নতুন বছর ২০২১। বছরের প্রথম দিন থেকে শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেওয়া শুরু হয়েছে। সারা দেশের ন্যায় ঝিনাইদহের কালীগঞ্জে মোঃ আনোয়ারুল আজীম ও আলহাজ্ব বদর উদ্দিন বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেওয়া হয়েছে। প্রতিষ্ঠানের ৫শ শিক্ষার্থীদের মাঝে ৫ দিন যাবত এই বই বিতরণ অব্যাহত থাকবে।

গতকাল শনিবার বিদ্যালয় প্রাঙ্গণে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতায় ১ শত শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেন প্রধান অতিথি দৈনিক নবচিত্র পত্রিকার সম্পাদক ও প্রকাশক আলহাজ্ব শহিদুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, প্রতিষ্ঠানের দাতা সদস্য আলহাজ্ব বদর উদ্দিন, সিনিয়র সাংবাদিক সোহেল আহম্মেদ, প্রধান শিক্ষক আজমিরা চৌধুরী, দাতা সদস্য লেখক ও কলামিস্ট আলহাজ্ব এম এ কাদেরের সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য স্বপ্না বেগম, শিক্ষক ও অভিভাবকবৃন্দ। করোনা মহামারীর মাঝেও সামাজিক দূরত্ব বজায় রেখে বই বিতরণ করায় খুশি শিক্ষার্থী ও অভিভাবকরা।

কালীগঞ্জে পথ-শিশুদের শিক্ষা সামগ্রী ও শীতবস্ত্র দিল রৌদ্দুর

ঝিনাইদহের কালীগঞ্জে স্বেচ্ছাসেবী সংগঠন রৌদ্দুর এর পক্ষ থেকে পথ-শিশুদের মাঝে শিক্ষা সামগ্রী, খাবার ও শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

মোবারকগঞ্জ রেল স্টেশন প্রাঙ্গণে এই শিক্ষা সামগ্রী ও শীতবস্ত্র বিতরণ করা হয়। প্রায় ৩০ জন পথ-শিশুদের মাঝে এসকল সামগ্রী বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা পরিষদের সদস্য জাহাঙ্গীর হোসেন সোহেল, সংগঠনের উপদেষ্টা বি.এম সাইদুজ্জামান সবুজ, মেহেনাজ হোসাইন সাইমন, ব্লাড ব্যাংক কালীগঞ্জের উপদেষ্টা এ.এস.এম আল মাসুম, রৌদ্দুরের সভাপতি ওয়াসিফ রাব্বি প্রমুখ।

হরিণাকুণ্ডুতে জাতীয় সমাজসেবা দিবস পালিত

ক্ষুধা ও দারিদ্রমুক্ত সমাজ বিনির্মাণে সেবা ও সুযোগ প্রান্তজনে, সমাজসেবার এই প্রতিপাদ্যকে সামনে রেখে হরিণাকুণ্ডুতে জাতীয় সমাজসেবা দিবস পালিত হয়েছে।

গতকাল শনিবার সকালে ঝিনাইদহ সমাজসেবা কার্যালয়ের উদ্যোগে দিবসটি পালন করা হয়। সমাজ সেবায় দেশ গড়ি সামাজিক নিরাপত্তা নিশ্চিত করি এই শ্লোগান কে সামনে রেখে সমাজসেবার ৬৫ বছর উপলক্ষে জাতীয় সমাজসেবা দিবসের র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় হরিণাকুণ্ডু সমাজসেবা কর্মী জুয়েল হোসেনের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, হরিণাকুণ্ডু উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা।

স্বাগত বক্তব্য দেন, হরিণাকুণ্ডু সমাজসেবা অফিসার মোহাম্মদ হোসেন খান। এছাড়া আরোও বক্তব্য রাখেন, প্রকল্প পরিচালক জামাল হোসেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রেশমা খাতুন, অধ্যক্ষ শরিফুল ইসলাম, ইউপি চেয়ারম্যান মোহাম্মদ আলী, চেয়ারম্যান মনজুল আলম, প্রেস ক্লাব সভাপতি এম. সাইফুজ্জামন তাজুসহ অন্যান্য অতিথিবৃন্দ। এছাড়া উপস্থিত ছিলেন মসজিদের ইমামগণ, অসহায় শীতার্ত ব্যক্তিবর্গ।

স্বাগত বক্তব্যে উপজেলা সমাজসেবা অফিসার বলেন, হরিণাকুণ্ডু উপজেলাতে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতাভোগীর সংখ্যা ২০৩ জন, বয়স্ক ভাতাভোগী ৬৫৭৩ জন, বিধবা ৩৫৯২ জন, প্রতিবন্ধী ২৭৮৭ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা ১২৯জন, হরিজন ৪৮ জন। হরিজন উপবৃত্তি ৩৭ জন, হিজড়া ১ জন, পল্লী সমাজসেবা কার্যক্রমে বিনিয়োগ ৮৩, ৪২৬৮৪ টাকা।

নিবন্ধিত সেচ্ছাসেবী প্রতিষ্ঠানের সংখ্যা ৪৮(সক্রিয় ৪০টি) ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত নিবাসীর সংখ্যা ৪১ জন। এছাড়া সমাজকল্যাণ পরিষদের মাধ্যমে বিভিন্ন হাসপাতালের দুস্থ রোগীদের মাঝে হরিণাকুণ্ডু সমাজসেবা অফিসের কার্যক্রম চালু আছে। এছাড়া সকাল ১১ টায় মাস্ক ও শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়।

কুষ্টিয়ায় এতিম শিশুদের মাঝে খাবার বিতরণ র্যাবের

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে কুষ্টিয়ায় এতিম শিক্ষার্থীদের মাঝে খাবার বিতরণ করেছে র্যাব-১২।

গতকাল শনিবার দুপুরে শহরের মারকাজ মসজিদে উলুমি দ্বীনিয়া মাদ্রাসার এতিম শিক্ষার্থীদের হাতে খাবার তুলে দেন র্যাব-১২ কুষ্টিয়া সিপিসি-১, কোম্পানী কমান্ডার মেজর গাফফারুজ্জামানসহ র্যাব সদস্যবৃন্দরা।

খাবার বিতরণ শেষে র্যাব-১২ কোম্পানী কমান্ডার মেজর গাফফারুজ্জামান জানান, মুজিব জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আজ থেকে শহরে র্যাব সেবা সপ্তাহ ও এতিম শিক্ষার্থীদের মধ্যে খাবার বিতরণ শুরু হয়েছে।

এ কর্মসূচির আওতায় বিশেষ দোয়া মাহফিল ছাড়াও রয়েছে এতিম শিশুদের মাঝে খাদ্য বিতরণ, বৃক্ষরোপণ, রক্তদান কর্মসূচি, শীতবস্ত্র বিতরণ, দুস্থদের মাঝে খাদ্য বিতরণ এবং দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা সহায়তা প্রদান। ৭ জানুয়ারি পর্যন্ত এই কার্যক্রম চলমান থাকবে বলে তিনি জানান।

মুজিবনগরে নগদ টাকা ও ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

মুজিবনগরে ১শ ২০ বোতল ফেন্সিডিল ও ফেন্সিডিল বিক্রির ১ লাখ ৫৮ হাজার টাকাসহ রমজান শেখ (৬৩) নামের এক মাদক ব্যবসাশীকে আটক করেছে

ডিবি পুলিশ। শনিবার দিবাগত রাতে মুজিবনগর উপজেলার শিবপুর গ্রাম থেকে তাকে আটক করা হয়।

আটক রমজান শেখ একই গ্রামের মৃত নিয়ামত শেখ এর ছেলে। মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের এস আই মুক্ত রায় এর নেতৃত্বে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামে অভিযান চালিয়ে বিপুল পরিমান ফেনসিডিলসহ এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। সেই সাথে ফেন্সিডিল বিক্রির নগদ ১ লাখ ৫৮ হাজার টাকা জব্দ করা হয়েছে।

জেলা গোয়েন্দা কার্যালয়ে নিয়ে তাকে জিজ্ঞাসাবাদ শেষে মুজিবনগর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে। এছাড়াও আটক রমজান শেখ এর বিরুদ্ধে আরও ৪টি মাদক মামলা আদালতে বিচারাধীন রয়েছে।

মেপ্র/এমএফআর

স্বামীর ভাত জুটলো না শাহনাজের কপালে

মুজিবনগরে পরকীয়া প্রেমে লিপ্ত হয়ে ও যৌতুকের দাবিতে স্ত্রীকে দীর্ঘদিন নির্যাতন করে পাশের বাড়ির সাবেক প্রেমিকাকে নিয়ে উধাও হয়েছে সুমন নামের এক যুবক।

উধাও হওয়ার পর স্বামী ফিরে আসবে ভেবে ১ মাস পার হয়ে গেলেও স্বামী ফিরে না আসায় ভেঙে পরেন স্ত্রী শাহানাজ খাতুন।
সুমন ও শাহনাজের সংসারে ৭ বছরের একটি মেয়ে সন্তান ও রয়েছে। স্বামীর সংসারে সুখ না পেয়ে নির্যাতনের শিকার হয়ে শেষ প্রযন্ত ৭ বছরের এক মেয়ে সন্তান নিয়ে বাপের বাড়ি চলে যেতে বাধ্য হলেন শাহানাজ খাতুন(২৫) নামের এক গৃহবধূ।

স্থানীয়দের নিয়ে বার বার বিষয়টি মীমাংসা করার পরও সুমন ঠিক হয়

না। গতকাল শনিবার বিকালে মেয়ের পরিবারের লোকজন এসে তাকে শ্বশুর বাড়ি থেকে নিয়ে যায়। সুমন মুজিবনগর উপজেলার গোপালনগর গ্রামের মজিবার রহমানের ছেলে ও শাহানাজ খাতুন চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার গোপালপুর গ্রামের শাহাজান আলীর মেয়ে।

শাহানাজ খাতুন জানান, সুমন যে মেয়েটাকে ২য় বিয়ে করেছে তার সাথে সুমনের ছোট থেকেই প্রেমের সম্পর্ক ছিলো। তার সাথে আমার বিয়ের পর থেকেই সে আমাকে নির্যাতন করতো। তাছাড়া সে বিয়ের পরও তার সাবেক প্রেমিকাকে ছাড়তে পারেনি। এর আগেও সে তার প্রেমিকার কারণে আমাকে তালাক দিয়েছিলো। স্থানীয় নেতারা সেটি মীমাংসা করে আমাকে তার সংসারে নিয়ে যায়।

কিন্তু তাতেও তার পরিবর্তন হয়নি। শেষ পযর্šÍ নভেম্বরের ১ তারিখে সুমন তার সাবেক প্রেমিকাকে পালিয়ে ২য় বিয়ে করে। তারপর সে আমাকে ডিসেম্বরের ৬ তারিখে তালাক দেয়। কিন্তু গত ১ মাস আমাকে সুমনের বাড়ির লোকজন আটকে রাখে। যতদিন পযর্ন্ত সুমন বাসায় না ফিরবে ততদিন পযর্šÍ আমাকে বাপের বাড়িতে আসতে দিবে না বলে জানায়।

মেয়ের মা ফাতেমা খাতুন জানান, আনুমানিক ৮ বছর আগে সুমনের সাথে আমার মেয়ের বিয়ে দিই। বিয়ের পর মেয়ের সুখের কথা ভেবে সুমনকে একটি মটরসাইকেল, একটি ল্যাপটপ, আংটি, চেনসহ ঘরের যাবতীয় আসবাব পত্র দিই।

বিয়ের কয়েকবছর পর আবারো তাকে একটি দোকান দেয়ার জন্য নগট দেড় লক্ষ টাকা দেয়া হয়। তারপরও সুমন আমার মেয়েকে যৌতুকের দাবিতে নির্যাতন করতে থাকে।

স্থানীয়দের সাথে কয়েবার বসে মীমাংসা করে মেয়েকে তার কাছে রেখে গিয়েছি। কিন্তু ২ মাস মত আগে সে আমার মেয়েকে নির্যাতন করে পাশের বাড়ির একটি মেয়েকে পালিয়ে ২য় বিয়ে করে।

তাকে চলে আসতে বলেও সে আমার মেয়ের কাছে ফিরে আসে না। তাই আমরা আমার মেয়েকে তার স্বামীর বাড়ি থেকে চিরদিনের জন্য নিয়ে যেতে বাধ্য হচ্ছি। এ বিষয়ে সুমনের কাছে জানতে চাইলে তিনি জানান, আমার পরিবারের লোকজন তাকে আটকে রাখেনি। আমার কাছে তাদের কিছু লেনাদেনা আছে তাই সেটা নেয়ার জন্য স্বেচায় আমার স্ত্রী আমার বাসাতে ছিলো।

এর বেশি আমি আপনাকে মোবাইলে কোন কথা বলতে রাজি না। যা কথা হবে

□□ □□□□□ □□□□□ □□□□